ভোরের [redacted]



২৭/৮/২০০৩

তারিখ ...............

পৃষ্ঠা ৭ ...... কলাম ...৫...


## অধ্যাপক রাজ্জাকের ডায়েরি উদ্ধার

# খুলনা বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা অব্যাহত

**খুলনা প্রতিনিধি :** খুলনা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ ও আ.লীগের শীর্ষ নেতা অধ্যাপক আঃ রাজ্জাক সরদারের ব্যক্তিগত ডায়েরি পুলিশ গত মঙ্গলবার তার বিশ্ববিদ্যালয়ের কার্যালয় থেকে উদ্ধার করেছে। ডায়েরিতে আ.লীগ নেতা হারুন সরদার হত্যাকাণ্ডের ব্যাপারে কিছু তথ্য পাওয়া গেছে।

পুলিশের সূত্রে জানা গেছে, বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষের কার্যালয়ের অফিসের ড্রয়ারে তল্লাসি করে নিহত রাজ্জাকের ব্যক্তিগত ডায়েরি মামলার তদন্ত কারী অফিসার উদ্ধার করে। ডায়েরিতে গত ২৩ ফেব্রুয়ারি সন্ত্রাসীদের গুলিতে নিহত তার ভাইপো আ. লীগ নেতা হারুন সরদারের হত্যাকারীদের ব্যাপারে কিছু তথ্য রয়েছে। পুলিশ ডায়েরিতে তার হত্যাকাণ্ডের ব্যাপারে কোনো ক্লু পাওয়া যায় কি না তা অনুসন্ধান করছে।

এদিকে খুলনা বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থার মঙ্গলবারও অবসান হয়নি। অনিশ্চিত অবস্থায় পড়ে যাওয়া ছাত্রছাত্রীরা অনেকে আবাসিক হল ত্যাগ করছে।

খুলনা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আব্দুল্লাহ হেল বাকী ভোরের কাগজকে জানিয়েছেন অচলাবস্থার কোনো অবসান হয়নি। আগামীকাল এসোসিয়েশন ইউনিভার্সিটি অফ বাংলাদেশ (এইউবি)-এর সভা শেষে উপাচার্য খুলনায় আসার পর আলোচনা হবে। এক প্রশ্নের জবাবে তিনি জানান, মাস্টার রোল কর্মচারীরা চার দফা দাবিতে স্মারকলিপি পেশ করেছে।

বিশ্ববিদ্যালয়ের ৩টি হলে প্রায় ৯০০ ছাত্রছাত্রী অবস্থান করে। এদের অনেকে অনিশ্চিত অবস্থার মধ্যে পড়ে হল ত্যাগ করেছে।

এদিকে আগামী ২২ আগস্ট উপাচার্য ড. এসএম নজরুল ইসলামের চুক্তিভিত্তি নিয়োগের মেয়াদ শেষ হচ্ছে।তার নিয়োগ যাতে বৃদ্ধি না করা হয় তার জন্য শিক্ষক কল্যাণ সমিতির নেতৃবৃন্দ ঢাকায় অবস্থান করে দেন দরবার করছে।